একটি সুন্নাহকে বাঁচাবো বলে !

৫৫তম পর্ব – প্রবন্ধঃ পরহিত

শাইখ মুহাম্মাদ আতীক উল্লাহ

রহমানিয়া
পাঠাগার

একটি সুন্নাহকে বাঁচাবো বলে (৫৫তম পর্ব) – পরহিত
লেখক: শাইখ মুহাম্মাদ আতীক উল্লাহ।
সংগৃহীত : মুসলিম বাংলা – একটি পূর্ণাঙ্গ ইসলামিক অ্যাপস।
বানান ও প্রুফ সমন্বয় : রহমানিয়া পাঠাগার।

রহমানিয়া
পাঠাগার
(একটি স্বল্পমেয়াদি বইবাহী যানবাহন)
নজরুল এভিনিউ, কান্দিরপাড়, কুমিল্লা – ৩৫০০।
প্রকাশিত: ২০২৬ঈ/১৪৪৭হি.

ফেসবুক পেজ – facebook.com/search/Muhammad Rahman.

اِنَّمَا الْمُؤْمِنُوْنَ اِخْوَةٌ فَاَصْلِحُوْا بَيْنَ اَخَوَيْكُمْ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ

প্রকৃতপক্ষে সমস্ত মুসলিম ভাই–ভাই। সুতরাং তোমরা তোমাদের দু' ভাইয়ের মধ্যে মীমাংসা করে দাও, আল্লাহকে ভয় কর, যাতে তোমাদের প্রতি রহমত করা হয়।

— সূরা হুজুরাত – আয়াত ১০।

ياَرِي

আমরা বর্তমানে ভীষণ আত্মকেন্দ্রিক হয়ে পড়েছি। পাশের বাসা তো দূরের কথা, ঘরের মানুষের সাথেও নিয়মিত যোগাযোগ রাখা হয়ে ওঠে না। বিপদাপদে পাশে দাঁড়ানো তো অলীক কল্পনা, বাধ্য হয়ে পড়লে কোনও রকমে মোবাইলে সামান্য কথা বলেই দায় সারি!

নবীজির আদর্শ বা সুন্নাত কিন্তু এমনটা নয়। তিনি বিপদগ্রস্ত মানুষ দেখলে, সাথে সাথে তার সহযোগিতায় ঝাঁপিয়ে পড়তেন। তিনি বলতেন:

الْمُسْلِمُ أَخُو الْمُسْلِمِ، لاَ يَظْلِمُهُ وَلاَ يُسْلِمُهُ، وَمَنْ كَانَ فِي حَاجَةِ أَخِيهِ كَانَ اللهُ فِي حَاجَتِهِ

"এক মুসলমান আরেক মুসলমানের ভাই। একে অন্যের প্রতি যুলুম করবে না, বিপদের হাতে ছেড়ে দিবে না। নিজ ভাইয়ের প্রয়োজনে পাশে দাঁড়ালে, আল্লাহও তার পাশে দাঁড়াবেন।"[১]

অন্যকে সহযোগিতা করতে গেলে তো টাকা লাগে! একদম ভুল কথা! যার কাছে যা আছে, সেটা দিয়েই পাশে দাঁড়ানো যায়। টাকা থাকলে টাকা। পরামর্শের দরকার হলে পরামর্শ। এমনকি চুপচাপ পাশে দাঁড়িয়ে থেকেও সহযোগিতা করা যায়। একটুখানি মিষ্টি কথা দিয়েও সহযোগিতা করা যায়। কাঁধে হাত দিয়ে একটু চাপ দিয়েও সহযোগিতা করা যায়। ইচ্ছা করলে, উপায় একটা না একটা বের হয়েই যায়।

১. বুখারী-মুসলিম

অন্যের পাশে দাঁড়ানোর উপকার বলে শেষ করা যাবে নাঃ

কঃ আল্লাহ খুশি। নবীজি খুশি!

খঃ বান্দা খুশি।

গঃ দুনিয়াতে উপকার।

ঘঃ আখেরাতে উপকার।

আমরা কমপক্ষে দু'আ করেও আমার বিপদগ্রস্ত ভাইয়ের পাশে দাঁড়াতে পারি। বলতে পারিঃ

ভাই! তোমার এই বিপদে কিছু করতে তো পারছি না, তবে নিয়মিত দু'আ করছি!